

# Visit of H.E. Mr. Demeke Mekonnen, Deputy Prime Minister and Foreign Minister of Ethiopia to India (February 17-19, 2021)

February 19, 2021

## ভারত সফরে (ফেব্রুয়ারি 17-19, 2021) ইথিওপিয়ার উপ-প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রী মাননীয় ডিমেক ম্যাকনেন

ফেব্রুয়ারী 19, 2021

1. ফেডারেল ডেমোক্রেটিক রিপাবলিক ইথিওপিয়ার উপ-প্রধানমন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রী মাননীয় ডিমেক ম্যাকনেন, 2021 সালের 17 থেকে 19 ফেব্রুয়ারি, এক উচ্চ-পর্যায়ের প্রতিনিধিদলের সাথে, ভারতে তাঁর প্রথম সফরে আসেন। 2020 সালের নভেম্বরে বিদেশমন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণ করার পর এই প্রথম তার এশিয়া সফর।
2. পররাষ্ট্র মন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর 2021 সালের 19 ফেব্রুয়ারী, শুক্রবার, উপ-প্রধানমন্ত্রীর সাথে বিস্তারিত আলোচনা কালে বিভিন্ন দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বৈশ্বিক ইস্যুতে মতবিনিময় করেন। এছাড়াও পররাষ্ট্র মন্ত্রী উপপ্রধানমন্ত্রীকে মধ্যাহ্নভোজে আপ্যায়ন করেন।
3. 18 ফেব্রুয়ারি, 2021 নয়াদিল্লিতে তাঁরা ইথিওপিয়ার দূতাবাসের নবনির্মিত চ্যানসেরি ভবন এবং বাসভবনের যৌথ উদ্বোধন করেন। এই সমাবেশে পররাষ্ট্রমন্ত্রী তার বক্তব্যে ভারত ও ইথিওপিয়ার মধ্যে দীর্ঘ সম্পর্ক এবং গত কয়েক বছরে উচ্চ-পর্যায়ের সফর বিনিময়ের মাধ্যমে যে প্রেরণা পেয়েছিলেন তা নিয়ে বলেছেন; উন্নতিশীল দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ এবং ক্রমবর্ধমান মানবিক সম্পর্কেরও উল্লেখ করেছিলেন তিনি। উপ-প্রধানমন্ত্রী ম্যাকনেন ভারত-ইথিওপিয়া সম্পর্কের গুরুত্ব তুলে ধরেছিলেন।
4. নয়াদিল্লিতে ইথিওপিয়া দূতাবাসের সহযোগিতায়, ASSOCHAM, ইন্ডিয়া-ইথিওপিয়া বিজনেস ফোরামের আয়োজন করে 17 ফেব্রুয়ারি, 2021 তারিখ। সেখানে ইথিওপিয়া এবং ভারতীয় বিনিয়োগকারীদের পক্ষ থেকে ইথিওপিয়ায় বিনিয়োগের সুযোগগুলি তুলে ধরা হয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী, শ্রী ভি. মুরালিধরন ফোরামে অংশ নিয়েছিলেন এবং তাঁর বক্তব্যে ব্যবসায়ী সম্প্রদায়কে বাণিজ্য ও বিনিয়োগে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানিয়েছেন এবং ইথিওপিয়ায় ভারতীয় শিক্ষাবিদদের ভূমিকা নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। ইথিওপিয়ার ব্যবসায়িক পরিমণ্ডলে উন্নয়নের জন্য ইথিওপিয়া সরকার যে নতুন পদক্ষেপ নিয়েছে সে বিষয়ে উপ-প্রধানমন্ত্রী ম্যাকনেন তার বক্তব্যে উপস্থিত সমাবেশকে অবহিত করেন।

5. সফরকালে, উভয় পক্ষ কূটনীতিক পাসপোর্টধারীদের জন্য পারস্পরিক ভিসা ছাড় এবং ভারত এবং ইথিওপিয়ার উওলো ইউনিভার্সিটির বিজ্ঞান ও শিল্প গবেষণা কাউন্সিল-সেন্ট্রাল লেদার রিসার্চ ইনস্টিটিউটের মধ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করে।

নিউ দিল্লি  
ফেব্রুয়ারী 19, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.